



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ইমেইলঃ info@nhrc.org.bd; হেল্পলাইনঃ ১৬১০৮

স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-১৯২

তারিখঃ ০২ নভেম্বর ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তি

বিদেশ ফেরত নারী শ্রমিকদের পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ করা জরুরি

- ড. কামাল উদ্দিন আহমেদ

“নারী অভিবাসীরা পরিবারের সচ্ছলতা আনার উদ্দেশ্যে অনেক কষ্ট সহ্য করে বিদেশে যান। সেখানে গিয়ে অনেক সময় তাদেরকে নিষ্ঠুর নির্যাতনের শিকার হয়ে দেশে ফেরত আসতে হয়। পরবর্তীতে দেশে এসে সমাজের নেতিবাচক দৃষ্টিভঙ্গির শিকার হন। পরিবারের লোকেরাও তাদের অবহেলা করে। সম্প্রতি বহু প্রবাসী নারী শ্রমিকের লাশ আসছে, যা অত্যন্ত দুর্ভাগ্যজনক। এধরনের পরিস্থিতি যাতে না হয় সেজন্য আমাদেরকে ব্যাপক পরিসরে বিষয়ভিত্তিক উদ্যোগ নিতে হবে। নৈতিক নিয়োগ বা ইথিক্যাল রিক্রুটমেন্টের ওপর জোর দিতে হবে। গ্লোবাল ফোরাম অফ মাইগ্রেশন এর মাধ্যমে ডায়ালগ আয়োজন করতে হবে।” আজ সকাল ১০ টায় বিদেশ যেতে আগ্রহী এবং বিদেশ ফেরত নারী অভিবাসী শ্রমিক বিষয়ক অনলাইন সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ।

সভায় বিদেশ ফেরত অভিবাসীদের কেয়ারগিভার হিসেবে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাদেরকে পুনর্বাসনের উদ্যোগ নেয়া, “আমি প্রবাসী” অ্যাপে রেজিস্ট্রেশন করার ব্যাপারে প্রবাসীদের সচেতন করা, নিজেরা যাতে নিরাপদ অভিবাসনে সচেতন হোন সেটা নিশ্চিত করা, সোশ্যাল কন্স্ট অফ মাইগ্রেশন এর ব্যাপারে জনসচেতনতা বৃদ্ধি করা, যেসব দেশে অভিবাসীরা যাচ্ছে সেসব দেশের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের পরিবর্তে দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষর, নিরাপদ অভিবাসনের ওপর সচেতনতা তৈরির জন্য অভিবাসন টিভি চ্যানেল চালু করার ওপর গুরুত্বারোপ করা হয়।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কমিশনের সার্বক্ষণিক সদস্য মোঃ সেলিম রেজা। তিনি বলে, “আমাদের নারী অভিবাসীরা বিদেশে কাজে গেলে কোন বাসায় নয় বরং তাদেরকে কোন হোস্টেলে থাকার ব্যবস্থা করা গেলে তাদেরকে নির্যাতন থেকে মুক্ত রাখা যাবে বলে আমি মনে করি। পাশাপাশি, পর্যাপ্ত আবাসিক প্রশিক্ষণের মাধ্যমে তাদেরকে দক্ষ করে তারপর বিদেশে পাঠানোর বিষয়টি নিশ্চিত করতে হবে।”

সভায়, সভাপতিত্ব করেন অধ্যাপক ড ইশরাত শামীম, সভাপতি, সেন্টার ফর উইমেন এন্ড চিলড্রেন স্টাডিজ; নারী অভিবাসীদের নিরাপদ অভিবাসনে করণীয় শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন এডভোকেট ফরিদা ইয়াসমিন।